“আল্লাহর কসম! সে ঈমানদার হবে না, আল্লাহর কসম! সে ঈমানদার হবে না, আল্লাহর কসম! সে ঈমানদার হবে না।” জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রাসূল ! কে সে? তিনি বললেন: “যার প্রতিবেশী তার অনিষ্টতা থেকে নিরাপদ নয়।”

আবূ শুরাইহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “আল্লাহর কসম! সে ঈমানদার হবে না, আল্লাহর কসম! সে ঈমানদার হবে না, আল্লাহর
কসম! সে ঈমানদার হবে না।” জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রাসূল ! কে সে? তিনি বললেন:
“যার প্রতিবেশী তার অনিষ্টতা থেকে নিরাপদ নয়।” [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তিনবার শপথ করে বললেন: আল্লাহর কসম, সে ঈমানদার নয়, আল্লাহর কসম, সে ঈমানদার নয়, আল্লাহর কসম, সে ঈমানদার নয়। সাহাবারা জিজ্ঞাসা করলেন: কে, হে রাসুল আল্লাহ? তিনি বললেন: যে তার প্রতিবেশীকে তার প্রতারণা, অবিচার এবং খারাপ আচরণের থেকে নিরাপদ রাখে না।

http://sunnah.global/hadeeth/bn/show/66268